**Office of the Public Relations**
Jatiya Kabi Kazi Nazrul Islam University
Trishal, Mymensingh-2224
Phone: 02-996676411
e-mail: pr@jkkniu.edu.bd
Web: www.jkkniu.edu.bd

**জনসংযোগ দপ্তর**
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪
ফোন: ০২-৯৯৬৬৭৬৪১১
ই-মেইল: pr@jkkniu.edu.bd
ওয়েবসাইট: www.jkkniu.edu.bd

---

স্মারক নং: জাককানইবি/জনসংযোগ/ইএসই/জাহিদ/৫৩ তারিখ: ১৪.০৭.২০২৬

## শোক বিজ্ঞপ্তি

# জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ই এস ই বিভাগের শিক্ষার্থীর অকাল মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

(নজরুল বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ): জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (ই এস ই) বিভাগের ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী জাহিদ হাসান হৃদয়ের মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় অকাল মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মোশারফ হোসেন গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবার্তায় মাননীয় উপাচার্য বলেন, ‘জাহিদ হাসানের অকাল মৃত্যুতে আমরা বিশ্ববিদ্যালয় পরিবারের একজন মেধাবী ও সম্ভাবনাময় শিক্ষার্থীকে হারালাম। এধরনের মর্মান্তিক মৃত্যু অত্যন্ত বেদনাদায়ক। তাঁর মৃত্যুতে যে শূন্যতার সৃষ্টি হয়েছে, তা সহজে পূরণ হওয়ার নয়।’

মাননীয় উপাচার্য মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য জাহিদ হাসান হৃদয় গত ১৩ জুলাই ২০২৬ তারিখ সোমবার সন্ধ্যায় টাঙ্গাইল হতে ময়মনসিংহ আসার পথে সাগরদিঘি নামক স্থানে সিএনজি ও মোটরসাইকেল দুর্ঘটনায় মর্মান্তিকভাবে নিহত হন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর বাড়ি টাঙ্গাইলের ভুঞাপুরের বাড়ই গ্রামে। তাঁর নামাজে জানাজা ১৪ জুলাই ২০২৬ তারিখ মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকায় তাঁর নিজ গ্রামের ঈদগাঁ মাঠে অনুষ্ঠিত হয়।

বার্তা প্রেরক-

স্বাক্ষরিত/-

(এস এম হাফিজুর রহমান)
অতিরিক্ত পরিচালক
জনসংযোগ দপ্তর
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়